যুগান্তর

৭/৮/২০০৭

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬ কলাম ... ৭......

# নোয়াখালীর ৩৪ শতাংশ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

**মনিরুজ্জামান চৌধুরী**, *নোয়াখালী থেকে*

জেলার ২২৬টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় জেলার প্রায় ৩৪ শতাংশ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। নোয়াখালী আঞ্চলিক পরিসংখ্যান অফিস সূত্রে জানা যায়, নোয়াখালী সদর উপজেলায় ১ লাখ ২০ হাজার ৮শ' ৪৮ জন, বেগমগঞ্জে ১ লাখ ২২ হাজার ৪শ' ৭৯ জন, চাটখিলে ৩৩ হাজার ৭০ জন, কোম্পানীগঞ্জে ৩৫ হাজার ৭০ জন, হাতিয়ায় ৬৬ হাজার ৫শ' ৯৭ এবং সেনবাগে ৩৯ হাজার ১শ' ৪৯ জন শিশু-কিশোর রয়েছে। কিন্তু প্রাথমিক বিদ্যালয়ের অভাবে ও দরিদ্র্যতার কারণে মোট শিশুর ৩৪ ভাগ শতাংশ শিশুই বিদ্যালয়ে যায় না। আর তাদের পিতা-মাতারা ও দারিদ্র্যসীমার নিচে থাকার কারণে তাদের সন্তানদের স্কুলে যাওয়ার চেয়ে ঘর-সংসারে কাজ করালে নিজেদের বেশি লাভ মনে করে। এসব শিশু স্কুলে না গিয়ে বনে গিয়ে লাকড়ি সংগ্রহ করে, মেঘনা নদীতে মাছের রেণুপোনা সংগ্রহ করে, দিনমজুরের কাজ করে, ওয়েল্ডিং কারখানায় কাজ করে, রিকশা চালায়, মোটর গ্যারেজে, চা দোকানে, হোটেলে, বাজারে কুলির কাজ করে। নোয়াখালীতে বিভিন্ন বেসরকারি সংস্থা বয়স্ক প্রকল্প চালু করলেও শিশুদের শিক্ষার কোন প্রকল্প এখানে চালু নেই। দেশের প্রচলিত আইনে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হলেও এ জেলায় এ আইনের কার্যকারিতা নেই।



*নোয়াখালী : রোমেনা ও মোমেনা স্কুলে যায় না। সারাদিন লাকড়ি কুড়ায় —যুগান্তর*